গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd; যুউঅ.বাংলা

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০০.৪৮.০০৫.১৯.৩০

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৬
২৮ জুলাই ২০১৯

বিষয়: **যুব ঋণ গ্রহীতাদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমায় ব্যাংক হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: ১। যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের স্মারক নং- ৩৪.০০.০০০০.০৬০.০১.০০২.১৯.-৯০, তারিখ- ২২ জুলাই ২০১৯ খ্রি.
২। বাংলাদেশ ব্যাংকের সূত্র নং-এফআইডি-১০১(২৬)/২০১৯-১৬৬০, তারিখ- ২২/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ গ্রহীতাদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা জমায় ব্যাংক হিসাব খোলার জন্য অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাধ্যমে বাংলাদেশ ব্যাংককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। সেই প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক হতে এ বিষয়ে সকল তফসিলি ব্যাংকের প্রধান নির্বাহী বরাবর তিনদফা নির্দেশনা দিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ গ্রহীতা যুব/যুবমহিলাদের ব্যাংক হিসাব খোলার জন্য নিম্নবর্ণিত নির্দেশনা দেয়া হয়েছে-

ক. যুব/যুবমহিলাদের ৫০/-(পঞ্চাশ) টাকা জমা পূর্বক সকল তফসিলি ব্যাংকে সঞ্চয়ী হিসাব খোলা যাবে;
খ. ন্যুনতম স্থিতি রাখার বাধ্যবাধ্যকতা আরোপ করা যাবে না;
গ. এ সকল হিসাব থেকে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

এমতাবস্থায়, যুব ঋণ গ্রহীতাদের সুবিধার্তে ৫০/-(পঞ্চাশ) টাকা জমায় তফসিলি ব্যাংকে হিসাব খোলার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রত্যেক উপজেলার সার্ভিসিং ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের সাথে পত্র যোগাযোগসহ ব্যক্তিগত যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

সংযুক্তি- বর্ণনা মতে - ০৪ (চার) পাতা।

২৮-৭-২০১৯
মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক

বিতরণ :
১) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ----------------------
উপজেলা ------------------- জেলা।
২) উপ-পরিচালক (সকল জেলা) যুব উন্নয়ন অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০০.৪৮.০০৫.১৯.৩০/১(৬)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৬
২৮ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) জেলা প্রশাসক(সকল), ---------------------- জেলা।
২) উপসচিব (যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) শাখা ব্যবস্থাপক, -----------------------------ব্যাংক -----------------উপজেলা ------------------ জেলা।

৫) সহকারি পরিচালক(আইসিটি), প্রধান কার্যালয়, ঢাকা-কে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১৮-৭-২০১১

মোঃ শাহীনূর রহমান
সহকারী পরিচালক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

| সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | |
|---|---|
| ডায়েরী নম্বরঃ ৪১০১ | তারিখঃ ২৮/০৫/১৯ |
| অতিরিক্ত সচিব | দ্রুত ব্যবস্থা নিন<br>আলোচনা করুন<br>জরুরী<br>উপস্থাপন করুন<br>নথিভুক্ত |
| যুগ্ম- সচিব | |
| উপ- সচিব | |
| সিনিয়র সহকারী সচিব | |
| একান্ত সচিব | |
| | স্বাক্ষরঃ |

সূত্র নং-এফআইডি-১০১(২৬)/২০১৯-১৬৮০ তারিখঃ ২২/০৫/২০১৯

সিনিয়র সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোঃ মহিন উদ্দিন, সহকারী প্রধান, কেন্দ্রীয় ব্যাংক শাখা।

প্রিয় মহোদয়,

যুব ঋণগ্রহীতাদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমায় ব্যাংক হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের ১৭ এপ্রিল ২০১৯ এবং ৩ এপ্রিল ২০১৯ তারিখের যথাক্রমে স্মারক নং-৫৩.০০.০০০০.৩১১.৯৯.০১২.১৮-১৯৯ এবং স্মারক নং: ৫৩.০০.০০০০.৩১১.৯৯.০১২.১৮.১৯৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতঃপূর্বে জারিকৃত ২ মে ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৭ এর মাধ্যমে ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর আওতাধীন বেকার যুব/যুবমহিলাদের ৫০/-(পঞ্চাশ) টাকা জমাকরণ পূর্বক সঞ্চয়ী হিসাব খোলার সুবিধা প্রদান করার জন্য সকল তফসিলি ব্যাংককে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং এ সকল হিসাব থেকে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না মর্মে উক্ত সার্কুলারের মাধ্যমে নির্দেশনা দেওয়া হয়।

এমতাবস্থায়, সদয় অবগতির জন্য সার্কুলারের কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

| সচিব (ব্যাংক প্রশাসন) এর দপ্তর | |
|---|---|
| ৯৩১৪ | তাং ২৮/০৫/১৯ |
| যুগ্ম সচিব, ব্যাংক/নীতি, ও ম্যা.প্র.) | |
| উপসচিব, ব্যাংক/নীতি, ও ম্যা.প্র.) | |
| সিনিয়র সহকারী সচিব, ব্যাংক/ নীতি | |

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল বশর)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩৪৩
Email: abul.bashar@bb.org.bd

সংযুক্তিঃ
২ মে ২০১০ তারিখের
বিআরপিডি সার্কুলার নং-১৭

| |
|---|
| উপ-সচিব (পরিঃ পর্ষদ অধিশাখা) |
| ডায়েরী নম্বরঃ ৪৭০ |
| তারিখঃ ২৯/০৫/১৯ |

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং- ১৭

তারিখ: ২ মে, ২০১০
১৯ বৈশাখ, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**<u>ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুবিধাভোগীদের নামে ব্যাংক হিসাব খোলা প্রসংগে ।</u>**

দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রতিবন্ধকতা হচ্ছে বেকারত্ব । বেকারত্ব দূরীকরণের জন্য সরকার কর্তৃক ন্যাশনাল সার্ভিস কর্মসূচির বাস্তবায়ন করা হচ্ছে । এই কর্মসূচীর সফল বাস্তবায়নের লক্ষ্যে ন্যাশনাল সার্ভিস কর্মসূচী আওতাধীন বেকার যুব/যুবমহিলাদের সঞ্চয়ী হিসাব নগদ ৫০/-(পঞ্চাশ) টাকা জমা গ্রহণপূর্বক খোলা যাবে । উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং ঐ সকল হিসাব থেকে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫